গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অক্টোবর/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মাহবুব হোসেন সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	২৬-১০-২০২২
সভার সময়	সকাল-১০.০০ ঘটিকা
স্থান	অনলাইন ভিডিও সিস্টেম
উপস্থিতি	রেকর্ডেড

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অক্টোবর/২০২২ মাসের অনলাইন সমন্বয় সভা শুরু করেন। সভাপতি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে নবযোগদানকৃত উপসচিব জনাব এ কে এম মিজানুর রহমান ও সিনিয়র সহকারী সচিব জনাব এস এম জাকারিয়া-কে শুভেচ্ছা জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) পাওয়ার পয়েন্টে পর্যায়ক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। এ বিভাগের উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) উল্লেখ করেন যে, গত ২২-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর শিরোনামে ভুলক্রমে সেপ্টেম্বর/২০২২ এর পরিবর্তে আগস্ট/২০২২ এবং কার্যবিবরণীতে প্রেরণকারী কর্মকর্তার নাম মোহাম্মদ ফারুক হোসেন এর পরিবর্তে মোছাম্মাৎ ফারহানা রহমান হয়েছে। গত ২২-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর শিরোনামে সেপ্টেম্বর/২০২২ এবং কার্যবিবরণীতে প্রেরণকারী কর্মকর্তার নাম মোহাম্মদ ফারুক হোসেন হিসেবে সংশোধনপূর্বক সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিতে গত ২২-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়/নিশ্চিত করা হয়।

৩। গত ২২-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচনা/পর্যালোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

৩.১	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/কোম্পানির গুরুত্বপূর্ণ অনিষ্পন্ন বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপসচিব (প্রশাসন-২) জানান যে, দপ্তর/সংস্থা হতে অডিট ও মামলা সংক্রান্ত অনিষ্পন্ন বিষয়ের তালিকা পাওয়া গেছে। এ বিষয়গুলো নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগের অতিরিক্ত সচিব (অপারেশন) জানান যে, বিদ্যুৎ বিভাগ, এনবিআর ও বিসিআইসি এর সাথে এ বিভাগের সংস্থা/কোম্পানির অমীমাংসিত বিষয়গুলো নিয়ে সভা হয়েছে। তিনি উল্লেখ করেন যে, বিদ্যুৎ বিভাগের অমীমাংসিত বিষয়সমূহ নিরসনের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের আওতাধীন কোম্পানিসমূহ হতে ইতোমধ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক অমীমাংসিত বিষয়সমূহ নিয়মিতভাবে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পিডিবির মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়। বিসিআইসি পূর্বের মূল্যে সার-কারখানাগুলোর গ্যাস বিল পরিশোধ করছে। সার উৎপাদনের খরচ বৃদ্ধি পাওয়ায় বর্তমান মূল্যে গ্যাস বিল পরিশোধ করা সম্ভব হচ্ছে না মর্মে সভায় বিসিআইসির প্রতিনিধিগণ সভায় অবহিত করেছে। তবে, ভবিষ্যতের জটিলতা নিরসনে বর্তমান মূল্যে গ্যাস বিল পরিশোধের লক্ষ্যে বিসিআইসির সাথে আলোচনা অব্যাহত রয়েছে। সভাপতি অমীমাংসিত বিষয়গুলো সমাধানের লক্ষ্যে নিয়মিত সভার পাশাপাশি ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা এবং আগামী সভায় সর্বশেষ অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।	(ক) দপ্তর/সংস্থা/কোম্পানির অনিষ্পন্ন/চলমান বিশেষ কার্যক্রমের তথ্য প্রতি সমন্বয় সভার পূর্বে এ বিভাগে প্রেরণ করতে হবে। (খ) বিদ্যুৎ বিভাগ, এনবিআর ও বিসিআইসি এর সাথে এ বিভাগের সংস্থা/কোম্পানির অমীমাংসিত বিষয়গুলো নিষ্পত্তির সর্বশেষ অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।	সকল অনুবিভাগ/ সকল শাখা/অধিশাখা ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/ কোম্পানি
৩.২	* চেয়ারম্যান, পেট্রোবাংলা বলেন যে, পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীসমূহের বিভিন্ন আইটেমের ওপর আয়কর ও ভ্যাট পুনঃনির্ধারণের বিষয়ে পেট্রোবাংলাতে ইতোমধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী সমন্বয় সভার পূর্বে এ বিষয়ে একটি রিপোর্ট প্রেরণ করা সম্ভব হবে মর্মে তিনি অবহিত করেন। * সভায় জানানো হয় যে, এলএনজি খাতে ভর্তুকি নীতিমালাটি চূড়ান্ত করা হয়েছে এবং ২৭-০৬-২০২২ তারিখে চূড়ান্ত নীতিমালার বিষয়ে অর্থ বিভাগের মতামত চাওয়া হয়েছে। অর্থ বিভাগের মতামত অদ্যাবধি পাওয়া যায়নি। চেয়ারম্যান, পেট্রোবাংলা বলেন যে, এলএনজি ভর্তুকি নীতিমালার খসড়া অর্থ বিভাগের চাহিদা মোতাবেক প্রণয়ন করা হয়েছে। বিষয়টি যেহেতু ২০২২-২৩ অর্থবছরের এপিএ'তে অন্তর্ভুক্ত রয়েছে তাই এটি নিষ্পত্তিতে অর্থ বিভাগে যোগাযোগপূর্বক একটি মতামত আনা প্রয়োজন মর্মে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় জানান। এ বিভাগের উপসচিব (উন্নয়ন-২) জানান যে, অর্থ বিভাগের সাথে যোগাযোগ হয়েছে। খুব শীঘ্রই এ বিষয়ে মতামত পাওয়া যাবে মর্মে তিনি অবহিত করেন। * সভায় বিপিসি, পেট্রোবাংলা ও কোম্পানীসমূহের Asset re-valuation কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট জানান যে, সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ২৮-০৯-২০২২ তারিখে Asset re-valuation কার্যক্রম বিষয়ে হাইড্রোকার্বন ইউনিটে একটি ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। উক্ত ওয়ার্কশপে পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের প্রতিনিধি থেকে জানা যায় তাদের Asset re-valuation কার্যক্রম চলমান রয়েছে এবং এ কার্যক্রম সম্পন্ন হতে আরো সময়ের প্রয়োজন হবে। সভাপতি এ কার্যক্রমের অগ্রগতি প্রতি সমন্বয় সভায় সুনির্দিষ্টভাবে ছক আকারে উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।	(ক) কোম্পানীসমূহের বিভিন্ন আইটেমের ওপর আয়কর ও ভ্যাট পুনঃনির্ধারণের বিষয়ে তথ্য সংগ্রহপূর্বক পেট্রোবাংলা আগামী সমন্বয় সভার পূর্বে এ বিভাগে প্রস্তাব প্রেরণ করবে। (খ) এলএনজি খাতে ভর্তুকি নীতিমালার বিষয়ে অর্থ বিভাগ হতে যোগাযোগ করে দ্রুত মতামত সংগ্রহ করতে হবে। (গ) সকল কোম্পানীর Asset re-valuation কার্যক্রম প্রতি সমন্বয় সভায় সুনির্দিষ্টভাবে ছক আকারে উপস্থাপন করতে হবে।	সকল অনুবিভাগ/ উন্নয়ন-২/ অপারেশন-৪ ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/ কোম্পানি/ হাইড্রোকার্বন ইউনিট

৩.৩	সভায় জানানো হয় যে, মন্ত্রিসভা কমিটি কর্তৃক গঠিত কারিগরি কমিটিতে বিস্ফোরক জাতীয় দ্রব্যের সকল কার্যক্রম এক প্রতিষ্ঠানের আওতায় আনার নিমিত্ত ওয়ান স্টপ সার্ভিসের রূপরেখা প্রণয়নের লক্ষ্যে মন্ত্রিসভা কমিটির ২য় সভা কমিটির সভাপতি মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ২২-০৫-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। বিস্ফোরক পরিদপ্তরের প্রধান বিস্ফোরক পরিদর্শক জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রাপ্ত query'র জবাব পর্যালোচনার জন্য সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৯-০৯-২০২২ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার পর্যবেক্ষণ অনুযায়ী জবাব প্রস্তুত করা হয়। পরবর্তীতে বিস্ফোরক পরিদপ্তরের কাজের পরিধি অনুযায়ী জোনভিত্তিক অর্গানোগ্রাম প্রস্তুতের জন্য নির্দেশনা পাওয়া যায়। সে প্রেক্ষিতে জোন ভিত্তিক ১৫৯ জনবল বিশিষ্ট একটি অর্গানোগ্রামের খসড়া প্রস্তুত করা হয়েছে, যা সিনিয়র সচিব মহোদয়কে দেখানোর পর অফিসিয়ালি ব্যবস্থা গ্রহণ করা হবে।	মন্ত্রিসভা কমিটির গত ২২-০৫-২০২২ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক বিস্ফোরক পরিদপ্তরের অর্গানোগ্রামের উপর জনপ্রশাসন মন্ত্রণালয়ের query'র জবাব পর্যালোচনা সংক্রান্ত সভার পর্যবেক্ষণ অনুযায়ী দ্রুত পুনঃ প্রস্তাব প্রেরণ করতে হবে।	প্রশাসন-৩ অধিশাখা ও বিস্ফোরক পরিদপ্তর
৩.৪	* মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট জানান যে, ড্যাশবোর্ড Upgrade এর বিষয়ে যে ভেন্ডর কাজ করছে, তারা কিছুটা কলক্ষেপন করছে। তাদেরকে বাদ দিয়ে EoI আহ্বানের মাধ্যমে নতুন করে ভেন্ডর নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হবে। এ কার্যক্রমে কয়েকমাস সময় প্রয়োজন হবে মর্মে তিনি উল্লেখ করেন। সভাপতি এ কার্যক্রমটি ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। * উপসচিব (প্রশাসন-২) জানান যে, মামলা ব্যবস্থাপনা সফটওয়্যারটি লাইভে দেয়া হয়েছে এবং এ পর্যন্ত প্রায় ২৩০০ মামলার তথ্যাদি ইনপুট দেয়া হচ্ছে। এ বিষয়ে এ বিভাগের বাজেট অধিশাখা হতে বিয়াম ফাউন্ডেশনে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। মামলার তথ্যাদি ইনপুট দেয়ার ক্ষেত্রে যে সকল সমস্যার সম্মুখীন হতে হয় তার দ্রুত সমাধানের জন্য সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।	(ক) ড্যাশবোর্ডের তথ্যাদি নিয়মিত হালনাগাদ করতে হবে ও ড্যাশবোর্ডটি Upgrade এর কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। (খ) মামলা ব্যবস্থাপনা সফটওয়্যারে ইনপুট প্রদানের ক্ষেত্রে যে সকল সমস্যা পরিলক্ষিত হয় তার দ্রুত সমাধানপূর্বক সকল মামলার তথ্য ইনপুট করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ প্রশাসন-৩/ বাজেট শাখা আইসিটি শাখা ও হাইড্রোকার্বন ইউনিট/ বিপিসি/ পেট্রোবাংলা

৩.৫	বিসিএমসিএল ও এমজিএমসিএল এর কয়লা ও পাথর উৎপাদনের অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয়। চেয়ারম্যান, পেট্রোবাংলা বলেন যে, কয়লার মূল্য পুনঃনির্ধারণের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এ বিষয়টি দ্রুত সমাধান না করলে কয়লা যত বেশি উৎপাদন হবে ততবেশি লোকসান হবে। এ বিভাগের যুগ্মসচিব (অপারেশন-২) বলেন যে, বিষয়টি সমাধানের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সভাপতি এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। চেয়ারম্যান, পেট্রোবাংলা আরো উল্লেখ করেন যে, বর্তমানে দৈনিক সর্বোচ্চ পরিমাণে কয়লা ও পাথর উত্তোলিত হচ্ছে। ভবিষ্যতে কয়লা ও পাথর উৎপাদন নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে এখনই দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন মর্মে তিনি সভাকে গুরুত্বারোপ করেন। গত ২৭-০৬-২০২২ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বড়পুকুরিয়া ওপেন পিট কয়লাক্ষেত্র এবং দিঘীপাড়া কয়লাক্ষেত্রের বাস্তবচিত্র তুলে ধরে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপনের জন্য এ্যানিমেশনসহ ভিডিও ও ছবি সংগ্রহ করে সংশ্লিষ্ট এলাকার একটি খসড়া ডকুমেন্টারি প্রস্তুত করে গত ২৯/০৯/২০২২ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। পাশাপাশি মধ্যপাড়া পাথর খনির বিষয়ে প্রেজেন্টেশন গত ০৬-০৯-২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে। সভাপতি প্রেজেন্টেশন দুটির বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	(ক) কয়লার মূল্য পুনঃনির্ধারণের কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে এবং এর অগ্রগতি আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। (খ) কয়লা ও পাথর উৎপাদন নিরবচ্ছিন্ন রাখার জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। (খ) গত ২৭-০৬-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বড়পুকুরিয়া কয়লা খনি ও মধ্যপাড়া পাথর খনির বিষয়ে পেট্রোবাংলা হতে প্রাপ্ত প্রেজেন্টশনের বিষয়ে দ্রুত পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	অপারেশন অনুবিভাগ/ পেট্রোবাংলা/ এমজিএমসিএল/ বিসিএমসিএল
৩.৬	এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পেট্রোবাংলা হতে প্রাপ্ত ৯টি ও বিপিসি হতে প্রাপ্ত ৩টি উদ্বোধনযোগ্য কার্যক্রমের তালিকা প্রস্তুতপূর্বক সিনিয়র সচিব মহোদয়ের অবলোকনের জন্য দেয়া হয়েছে। সিনিয়র সচিব মহোদয়ের সাথে আলোচনাপূর্বক সামারি প্রস্তুত করে শীঘ্রই প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হবে।	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনযোগ্য কার্যক্রমের তালিকা সামারী আকারে দ্রুত মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ প্রশাসন-১/
৩.৭	* বাংলাদেশ বিমানের নিকট পূর্বের বকেয়া পাওনা আদায়ের সর্বশেষ অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিভাগের অতিরিক্ত সচিব (অপারেশন) জানান যে, বাংলাদেশ বিমান হতে সর্বশেষ একটি পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রে পুঞ্জিভুত দেনা ও অতিরিক্ত বিলের বিষয়টি উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে বিমানের সাথে একটি সভা করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। * ব্যবস্থাপনা পরিচালক, এলপিজিএল জানান যে, আমদানি নির্ভর বার্ষিক ১ (এক) লক্ষ মেট্রিক টন উৎপাদন ক্ষমতার এলপিজি স্টোরেজ ও বটলিং প্ল্যান্ট স্থাপন করার লক্ষ্যে চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলার বোয়ালিয়া মৌজায় প্রস্তাবিত ১২.৮৮ একর জমি বন বিভাগের আওতামুক্ত কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য ২৮-০৮-২০২২ তারিখে জেলা প্রশাসক, চট্টগ্রাম ও বন সংরক্ষক, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম-কে পত্র প্রদান করা হয়। বন বিভাগ ১০-১০-২০২২ তারিখের পত্রের মাধ্যমে জানায় যে, চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলার বোয়ালিয়া মৌজায় প্রস্তাবিত ৬১টি দাগের অন্তর্গত ১২.৮৮ একর ভূমি পানি উন্নয়ন বোর্ডের বেড়ী বাঁধের পূর্ব পাশে অবস্থিত এবং বনভূমি নয়। এ প্রেক্ষিতে বর্ণিত জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি প্রশাসনিক অনুমোদনের কার্যক্রম দ্রুত সম্পাদনের নির্দেশনা প্রদান করেন।	(ক) বাংলাদেশ বিমান কর্তৃক পুঞ্জিভুত দেনা ও অতিরিক্ত বিল সংক্রান্ত প্রেরিত পত্রের বিষয়ে দ্রুত সভা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। (খ) বিপিসির অর্থায়নে চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলায় আমদানি নির্ভর বার্ষিক ১ (এক) লক্ষ মেট্রিক টন উৎপাদন ক্ষমতার এলপিজি স্টোরেজ ও বটলিং প্ল্যান্ট স্থাপন করার লক্ষ্যে চিহ্নিত জমি অধিগ্রহণের সর্বশেষ কার্যক্রমের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।	প্রশাসন/ পরিকল্পনা অনুবিভাগ/ অপারেশন অনুবিভাগ/ যুগ্মসচিব (প্র)/ অপা-১ অধিশাখা ও বিপিসি/ পিওসিএল/এলপি গ্যাস লিঃ

৩.৮	সভায় সেপ্টেম্বর/২২ মাসের দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার তথ্যাদি এবং সেপ্টেম্বর/২২ মাসের অডিট আপত্তি নিষ্পত্তির তথ্য উপস্থাপন করা হয়। এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন যে, এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির ৩৯২১টি আপত্তির মধ্যে গত মাসে ২২টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। অডিট অফিস স্থানান্তরজনিত কারণে প্রতিনিধি না পাওয়ায় গত মাসে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজন করা সম্ভব হয়নি। তিনি উল্লেখ করেন যে, গত ০৪-০৯-২০২২ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অডিট আপত্তি কমানোর লক্ষ্যে করণীয় নির্ধারণের জন্য একটি ফলপ্রসূ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিপিসি, পেট্রোবাংলা ও অন্যান্য দপ্তরে একাধিক সভা অনুষ্ঠিত হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম সন্তোষজনকভাবে সম্পাদিত হচ্ছে মর্মে তিনি উল্লেখ করেন। সভাপতি প্রতিমাসে কয়টি দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা করা হচ্ছে এবং কয়টি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে তার তথ্য সুনির্দিষ্টভাবে ছকে উল্লেখ করার জন্য নির্দেশনা প্রদান করেন।	ক)অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার পরিমাণ বাড়াতে হবে এবং প্রতিমাসে কয়টি দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা করা হচ্ছে ও কয়টি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে তার তথ্য সুনির্দিষ্ট ছকে প্রতি সমন্বয় সভার পূর্বে প্রেরণ করতে হবে। খ) গত ০৪-০৯-২০২২ তারিখে অডিট বিষয়ে এ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ বাজেট অধিশাখা ও দপ্তর/সংস্থা/ কোম্পানি

৩.৯	সভায় এ বিভাগের দপ্তর/সংস্থা/কোম্পানির বিভাগীয় মামলা, আদালতে বিচারাধীন মামলা ও রিট মামলার তথ্যাদি উপস্থাপন করা হয়। সভাপতি বলেন যে, আগামী এক সপ্তাহের মধ্যে সকল মামলার তথ্যাদি মামলা ব্যবস্থাপনা সফটওয়্যারে ইনপুট দিতে হবে। ইনপুট সম্পন্নের পর এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। * এ বিভাগের অতিরিক্ত সচিব (অপারেশন) সভায় জানান যে, মোবাইল কোর্ট নিয়মিত পরিচালনা ও নিয়মিত রিপোর্ট এ বিভাগে প্রেরণের জন্য জেলা প্রশাসকদের পত্র দেয়া হয়েছে। প্রেরিত পত্রের প্রেক্ষিতে মোবাইল কোর্ট পরিচালনা কিছুটা বৃদ্ধি পেয়েছে। বিপণন কোম্পানীসমূহ হতে প্রাপ্ত তথ্য মতে, দেশে জ্বালানি তেলের ভেজাল ও অবৈধ ক্রয়-বিক্রয় বন্ধ এবং সঠিক পরিমাপ নিশ্চিতকল্পে পেট্রোল পাম্প, প্যাকড্ পয়েন্ট ডিলার ও এজেন্সী পয়েন্টে জেলা প্রশাসন, বিএসটিআই'র প্রতিনিধি ও বিপণন কোম্পানীসমূহের আঞ্চলিক কার্যালয় হতে মনোনীত কর্মকর্তাদের সমন্বয়ে নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। সেপ্টেম্বর/২০২২ মাসে জেলা প্রশাসনের সহায়তায় বিপণন কোম্পানীসমূহ দেশব্যাপী মোট ৪৫টি মোবাইল কোর্ট পরিচালনা করেছে। তন্মধ্যে, পদ্মা অয়েল কোম্পানী লিঃ ১৯টি, মেঘনা পেট্রোলিয়াম লিঃ ১৬টি এবং যমুনা অয়েল কোম্পানী ১০টি। ওজনে কম দেয়া এবং অন্যান্য ত্রুটিজনিত কারণে পিওসিএল ৬টি, এমপিএল ১২টি এবং জেওসিএল ৪টি সর্বমোট ২২টি ফিলিং স্টেশনকে অর্থদন্ড দেয়া হয়েছে। ২৩টি ফিলিং স্টেশনের কার্যক্রম সন্তোষজনক পাওয়া গিয়েছে। যুগ্মসচিব (অপারেশন-১) সভায় জানান যে, অবৈধ গ্যাস সংযোগ ও পাইপলাইন বিচ্ছিন্নকরণ কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে একজন স্থায়ী নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করা হয়েছে। শীঘ্রই নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে একজন কর্মকর্তার নিয়োগ পাওয়া যাবে। * সভায় দপ্তর/সংস্থা/কোম্পানির ই-দরপত্রের তথ্য পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দপ্তর/সংস্থা কোম্পানীর ই-দরপত্রের সংখ্যা সন্তোষজনক পাওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। যে সকল দপ্তর/সংস্থা/ কোম্পানী ই-দরপত্রে পিছিয়ে রয়েছে তাদেরকে ই-দরপত্র বাড়ানোর জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	(ক) আগামী এক সপ্তাহের মধ্যে সকল মামলার তথ্যাদি মামলা ব্যবস্থাপনা সফটওয়্যারে ইনপুট দিতে হবে। (খ) দেশে ভেজাল তেল বিক্রয় বন্ধ ও তেল সরবরাহে সঠিক পরিমাপ নিশ্চিতকরণের লক্ষ্যে মোবাইল কোর্ট ও অভিযান অব্যাহত রাখতে হবে। (গ) অবৈধ গ্যাস সংযোগ ও পাইপলাইন বিচ্ছিন্নকরণ কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে একজন স্থায়ী নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (ঘ) যে সকল দপ্তর/সংস্থা/ কোম্পানী ই-দরপত্রে পিছিয়ে রয়েছে তাদেরকে ই-দরপত্রের সংখ্যা বাড়াতে হবে এবং এ সংক্রান্ত তথ্যাদি নির্দিষ্ট ছকে প্রেরণ করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ অপারেশন অনুবিভাগ/ প্রশা-৩ শাখা/ অপা-১ শাখা/অপা-৪ শাখা ও দপ্তর/ সংস্থা/ কোম্পানি
৩.১০	এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন যে, ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়নে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ৯৭.৩৮ নম্বর পেয়ে ৫২টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৭ম স্থান অর্জন করেছে। ২০২১-২২ অর্থবছরে কৌশলগত উদ্দেশ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সর্বোচ্চ নম্বর অর্জন করেছে। সভাপতি এ অর্জনের জন্য এ বিভাগ ও দপ্তর/সংস্থা/কোম্পানির সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র অর্জনে ধারাবাহিকতা রক্ষার্থে প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করেন। উপসচিব (প্রশাসন-২) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এ বিভাগের এপিএ সংশোধন প্রস্তাব গ্রহণ করা হয়েছে এবং এ সকল সূচকের শুধুমাত্র অসাধারণ লক্ষ্যমাত্রাটি গ্রহণ করা হয়েছে। সংশোধিত সূচকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে যথাযথভাবে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বিশেষভাবে সচেষ্ট হওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।	২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নে সকলকে সচেষ্ট হতে হবে।	সকল অনুবিভাগ এপিএ টিম/ ও দপ্তর/সংস্থা/ কোম্পানি

৩.১১	**মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন:** মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা হয়। উপসচিব (প্রশাসন-২) সভায় জানান যে, 'বাংলাদেশ গ্যাস, তেল ও খনিজ সম্পদ কর্পোরেশন আইন, ২০২২' শীর্ষক খসড়া বিলটি জাতীয় সংসদের গত ০৫-০৬-২০২২ তারিখের অধিবেশনে উপস্থাপিত হয়েছে এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির গত ১৪-০৬-২০২২ তারিখের সভায় পর্যালোচনা করা হয়েছে। স্থায়ী কমিটির সভার পর্যবেক্ষণ নিয়ে মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে গত ০১-০৮-২০২২ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে গত ০৪-০৮-২০২২ তারিখে স্থায়ী কমিটির পুনঃ সভা হয়েছে। সভাপতি এ বিষয়ে সর্বশেষ হালনাগাদ অগ্রগতি আগামী সমন্বয় সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।	'বাংলাদেশ গ্যাস, তেল ও খনিজসম্পদ কর্পোরেশন আইন, ২০২২' এর খসড়া বিলটির বিষয়ে সর্বশেষ হালনাগাদ অগ্রগতি আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ প্রশাসন-২ অধিশাখা ও পেট্রোবাংলা
৩.১২	সভায় অবৈধ গ্যাস সংযোগ ও অবৈধ পাইপলাইন অপসারণ কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। সেপ্টেম্বর/২২ মাসে ৬টি ডিস্ট্রিবিউশন কোম্পানীতে ২৭৯০টি অভিযান পরিচালনা করা হয়েছে। বিচ্ছিন্নকৃত সংযোগের সংখ্যা ৬২৮১টি, বিচ্ছিন্নকৃত বার্ণারের সংখ্যা ২৯,০৭৪টি, অপসারণকৃত পাইপলাইনের দৈর্ঘ্য ১০.৭৪১৫ কি.মি. ও অবৈধ সংযোগের বিপরীতে দায়েরকৃত মামলার সংখ্যা ২০টি। সভায় সেপ্টেম্বর/২২ মাসে বকেয়া গ্যাস বিল আদায়ের তথ্যাদি উপস্থাপন করা হয়। বকেয়া আদায় সন্তোষজনকভাবে হচ্ছে মর্মে ডিস্ট্রিবিউশন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকগণ সভায় মতামত ব্যক্ত করেন। সভায় জানানো হয় যে, সরকারি প্রতিষ্ঠানের বকেয়া গ্যাস বিল আদায় অব্যাহত রয়েছে এবং এ কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। সভাপতি অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ ও বকেয়া আদায় কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করেন।	(ক) অবৈধ গ্যাস সংযোগ ও অবৈধ পাইপলাইন অপসারণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত এ সংক্রান্ত তথ্যাদি সুনির্দিষ্ট ছক আকারে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। (খ) বকেয়া গ্যাস বিল আদায় ত্বরান্বিত করতে হবে ও বকেয়া পরিশোধ না করলে সংযোগ বিচ্ছিন্নকরণের কার্যক্রম জোরদার করতে হবে এবং সুনির্দিষ্ট ছক আকারে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। (গ) সরকারি প্রতিষ্ঠানের বকেয়া গ্যাস বিল আদায় ত্বরান্বিত করতে হবে এবং বকেয়া পরিশোধ না করলে সংযোগ বিচ্ছিন্ন করতে হবে।	অপারেশন অনুবিভাগ/ পেট্রোবাংলা/ ডিস্ট্রিবিউশন কোম্পানি/ বিপিসি/ বিপণন কোম্পানি/ জিটিসিএল

৩.১৩	বিবিধ আলোচনা: * সচিব, বিপিসি সভায় জানান যে, তেল বিপণন কোম্পানির আওতাভুক্ত সকল ফিলিং স্টেশনের তালিকা (জিপিএস ম্যাপসহ/জিওগ্রাফিক লোকেশনসহ) সম্বলিত ডাটাবেজ তৈরির কাজ সম্পন্ন হয়েছে। প্রস্তুতকৃত ডাটাবেজটি জাতীয় ডাটা সেন্টারের সার্ভারে লাইভ করার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে প্রেরণ করা হয়েছে। আগামী এক সপ্তাহের মধ্যে ডাটাবেজটি লাইভে আসবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। চেয়ারম্যান, পেট্রোবাংলা বলেন যে, সিএনজি স্টেশনসমূহের ডাটাবেজ প্রস্তুতের ক্ষেত্রে পেট্রোবাংলা পর্যায়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান রয়েছে। * সভায় এ বিভাগ ও দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রকাশের তথ্যাদি উপস্থাপন করা হয়। উপসচিব (প্রশাসন-২) জানান যে, এ বিভাগের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন গত ১২-১০-২০২২ তারিখে প্রকাশ করা হয়েছে। অন্যান্য দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। কোম্পানীসমূহের বার্ষিক প্রতিবেদন প্রকাশের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। * মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট জানান যে, বুয়েটের সাথে যৌথভাবে গবেষণা করার জন্য একটি খসড়া এমওইউ প্রস্তুতপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়। খসড়া এমওইউটি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমোদন নিয়ে বুয়েটে প্রেরণ করা হয়েছে। বুয়েটের এ মাসের সিন্ডিকেট সভায় খসড়া এমইউটি উপস্থাপনের কথা রয়েছে। সিন্ডিকেট সভায় খসড়া এমইউটি পাস হলে স্বাক্ষরের কার্যক্রম গ্রহণ করা হবে। * এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও বিদ্যুৎ বিভাগের যৌথ আয়োজনে শেখ রাসেল দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। * পরিচালক (অপারেশন), পেট্রোবাংলা সভায় জানান যে, খসড়া গ্যাস বিপণন বিধিমালাটি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। সিনিয়র সচিব মহোদয়ের সাথে সরাসরি আলোচনা করে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন আয়োজনের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। * যুগ্মসচিব (অপারেশন-১) বলেন যে, সিলেট গ্যাস ফিল্ডস লিঃ হতে আরপিজিসিএল কর্তৃক এনজিএল গ্রহণপূর্বক এলপিজিএল এর কৈলাশটিলা প্ল্যান্ট চালুর বিষয়টি সমাধানের লক্ষ্যে ২৭-১০-২০২২ তারিখে একটি সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় বিষয়টি সমাধান করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।	(ক) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের নির্দেশনা অনুযায়ী দেশের বিভাগ/ জেলা/উপজেলা পর্যায়ে তিনটি তেল বিপণন কোম্পানি ও আরপিজিসিএল এর আওতাভুক্ত সকল ফিলিং স্টেশন ও সিএনজি ফিলিং স্টেশনের তালিকা জিপিএস ম্যাপের মাধ্যমে সম্পন্নের সর্বশেষ হালনাগাদ অগ্রগতি আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। (খ) এ বিভাগ ও দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রকাশের তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। (গ) দপ্তর/সংস্থা/কোম্পানির গবেষণা কার্যক্রমের সর্বশেষ তথ্যাদি ও বুয়েটের সাথে হাইড্রোকার্বন ইউনিটের এমওইউ স্বাক্ষরের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে। (ঘ) খসড়া গ্যাস বিপণন বিধিমালার বিষয়ে দ্রুত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন আয়োজন করতে হবে। (ঙ) সিলেট গ্যাস ফিল্ডস লিঃ হতে আরপিজিএসল কর্তৃক এনজিএল গ্রহণপূর্বক এলপিজিএল এর কৈলাশটিলা প্ল্যান্ট চালুর বিষয়ে সর্বশেষ অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।	সকল অনুবিভাগ/ সকল কর্মকর্তা ও পেট্রোবাংলা/ হাইড্রোকার্বন ইউনিট/ বাপেক্স ও দপ্তর/সংস্থা/ কোম্পানি

৪. সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহবুব হোসেন
সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৯৯.০০১.২২.৪৬৯ তারিখ: ২৪ কা।৩ক ১৪২৯

০৯ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৪) সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৫) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট

৬) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর (Blue Economy সেল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৭) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৯) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

১০) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

১১) ব্যবস্থাপনা পরিচালক (সকল), বিপিসি ও পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীসহ

১২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১৪) প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

১৫) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা

১৬) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোহাম্মদ ফারুক হোসেন
যুগ্মসচিব